

কেন্দ্র করে বাঙালি জাতির নতুন সামাজিক পরিসর বাংলার পার্টিশনকে অন্য মাত্রা দিয়েছে। উদ্বাসনের অস্বাভাবিক বন্দোবস্ত এবং সীমান্ত বরাবর আজ পর্যন্ত হয়ে-আসা পারাপার, ছিটমহল এমনকী ভৌগোলিক-রাজনীতি পর্যন্ত এখানে পার্টিশন-সাহিত্যকে প্রাসঙ্গিক রাখছে। দুই দেশের পাঠক সমাজের নিরন্তর বেড়ে ওঠা আগ্রহ তারই বৈধতা মাত্র। ‘পার্টিশন’ শব্দটির কলোনিয়াল পিছুটান এ সাহিত্যের এক ক্রমসত্তাবনাময় পরিসর তৈরি করে— দেশ-কাল-সমাজ-রাজনীতি যার মৌল আখর। নতুন প্রজন্মের বাস্তবতায় সেই সাহিত্য প্রাণবন্ত।

মননকুমার মণ্ডল বর্তমানে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হিউম্যানিটিস অ্যাণ্ড সোস্যাল সায়েন্সেস-এর অন্তর্গত বাংলা বিভাগের সহকারী অধ্যাপক। প্রায় চোদ্দো বছর শিক্ষকতা করছেন; ইতিপূর্বে সাত বছর পড়িয়েছেন তাম্রলিপ্ত মহাবিদ্যালয়ে, তমলুকে। প্রেসিডেন্সি কলেজ থেকে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক, কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও পি এইচডি করেছেন; পেয়েছেন জওহরলাল নেহরু মেমোরিয়াল ফাণ্ড গবেষণাবৃত্তি। গবেষণার বিষয় বাংলা কথাসাহিত্য, ভারতীয় সাহিত্য। দেশ-বিদেশে প্রকাশিত হয়েছে বেশ কিছু গবেষণাপত্র। প্রকাশিত গ্রন্থ আধুনিক বাংলা উপন্যাস ব্যাপ্তি ও সমাপ্তি, আধুনিক ভারতীয় সাহিত্য প্রসঙ্গে।

mkmnsou@gmail.com

পার্টিশন সাহিত্য দেশ-কাল-স্মৃতি

সম্পাদনা মননকুমার মণ্ডল



পার্টিশন সাহিত্য

দেশ-কাল-স্মৃতি

সম্পাদনা
মননকুমার মণ্ডল

দেশবিভাজনকে কেন্দ্র করে বিগত ষাট-সত্তর বছর ধরে যে সাহিত্যিক বয়ান তৈরি হয়েছে এবং হচ্ছে, এই গ্রন্থে সেই দিকে তাকানো হয়েছে। ভারতীয় উপমহাদেশের বিগত শতাব্দীর সর্বাপেক্ষা করুণ এক্সোডাস দেশভাগ। এই দেশবিভাজনের ঐতিহাসিক ঘটনাপ্রবাহের বিশ্লেষণের বহু স্তর আছে। রাজনৈতিক ও অর্থনৈতিক সমাজ-বিশ্লেষণের সঙ্গে সেই সব ঘটনাপ্রবাহ বহুবিধ ব্যাখ্যার বয়ানে সংকলিত হয়েছে। মহাফেজখানার দলিল এবং গৌণ উৎসের পর্যাপ্ত তথ্যের পরেও এ কথা নিঃসংশয়ে বলা যাবে যে, দেশভাগের কোনও সামাজিক ইতিহাস নেই। স্মৃতি, সাহিত্য, বর্ণনীয় আখ্যানের মধ্যেই রয়ে গেছে ও যাচ্ছে সেই সামাজিক ইতিহাসের কাড়া-আকাড়া বাস্তব। ইংরেজিতে ‘পার্টিশন লিটারেচার’ কথাটি চালু আছে। বাংলায় দেশভাগের সাহিত্য বলতে সাধারণ ভাবে পাঞ্জাব ও বাংলা দুই প্রান্তের বিভাজন ও তজ্জনিত উদ্বাসনের কথাই বোঝানো হয় কিন্তু বাংলা সাহিত্যের আধারে পার্টিশন-লেখালিখি জায়গা করবে কোন নামে? বাংলাদেশ জাতিরাষ্ট্রের উদ্ভব ও বাংলা ভাষাকে

